# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 11-03-2026** **Time: 7.35 AM**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যে ক'দফায় নির্বাচন হবে, তা রাজ্য সরকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে কতটা প্রস্তুত, তার ওপর নির্ভর করবে করবে বলে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার স্পষ্ট জানিয়েছেন।

২/ আসন্ন বিধানসভা নির্বাচনে সব বৈধ ভোটার, ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন বলে মুখ্য নির্বাচন কমিশনার আশ্বাস দিয়েছেন।

৩/ রাজ্যে এস আই আর প্রক্রিয়ায় বিচারাধীন তালিকায় থাকা কোনও নাম বিচারকরা খারিজ করে দিলে, তা পুনর্বিবেচনার জন্য আবেদন জানাতে বিশেষ অ্যাপিলেট ট্রাইব্যুনাল গঠনের জন্য কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত।

৪/ কেন্দ্রীয় মন্ত্রীসভার অর্থনৈতিক বিষয়ক ক্যাবিনেট কমিটি – সি সি ই এ, রাজ্যে দুটি রেল প্রকল্প অনুমোদন করেছে।

৫/ এ আই এফ এফ যুব লিগ ফুটবলে ইস্টবেঙ্গল ৪-১ গোলে মহামেডান স্পোর্টিংকে হারিয়ে দিয়েছে।

ooooooooooooooooooo

রাজ্যে ক'দফায় নির্বাচন হবে, তা রাজ্য সরকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে কতটা প্রস্তুত, তার ওপর নির্ভর করবে করবে বলে মুখ্য নির্বাচন কমিশনার

জ্ঞানেশ কুমার স্পষ্ট জানিয়েছেন। দু'দিনের রাজ্য সফর শেষে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ গতকাল কলকাতায় সাংবাদিক বৈঠক করেন। সেখানে জ্ঞানেশ কুমার বলেন, ১৯৫০ সালের জন প্রতিনিধিত্ব আইন অনুযায়ী এস আই আর প্রক্রিয়া চালানো হয়েছে, এবং এই প্রক্রিয়ার লক্ষ্য হলো – প্রত্যেক বৈধ নাগরিকের ভোটাধিকার সুনিশ্চিত করা এবং ভোটার তালিকায় স্বচ্ছতা আনা।
জ্ঞানেশ কুমার বলেন, পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনে সব বৈধ ভোটার, ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। তবে, কোন অবৈধ ভোটারের নাম ভোটার তালিকায় থাকবে না।

বিধানসভা নির্বাচনকে কেন্দ্র করে কোনোরকম হিংসা বরদাস্ত করা হবে না বলেও তিনি স্পষ্ট জানান। মুখ্য নির্বাচন কমিশনার আরও বলেন, ভোটার বা নির্বাচনের সঙ্গে যুক্ত ব্যক্তিদের ভীতি প্রদর্শন অথবা অশান্তি সংক্রান্ত অভিযোগ পেলে কঠোর পদক্ষেপ নেওয়া হবে। কোন আধিকারিক কমিশনের নির্দেশ বা আইন না মানলেও, তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছেন মুখ্য নির্বাচন কমিশনার। তিনি বলেন, পুলিশ প্রশাসন এবং আইন বলবৎকারী সংস্থার সঙ্গে বৈঠকে কোনরকম পক্ষপাতমূলক আচরণ থেকে তাদের বিরত থাকতে বলা হয়েছে।

(বাইট – জ্ঞানেশ কুমার/বৈধ ভোটার)

তিনি আরও বলেন, ৮০ হাজারেরও বেশী ভোটকেন্দ্র তৈরী করা হবে এবং প্রতিটি কেন্দ্রেই ওয়েবকাস্টিং এর ব্যবস্থা থাকবে। বয়স্ক ভোটারদের সুবিধার্থে হুইল চেয়ারের ব্যবস্থার পাশাপাশি স্বেচ্ছাসেবক বাহিনীও মজুত রাখা হবে। থাকবে পানীয় জলের ব্যবস্থা। খোলা হবে ভোটার সহায়তা কেন্দ্র।

যুব সমাজের অংশগ্রহণ নিশ্চিত করতে আরো বেশী উদ্যোগ নেওয়া হচ্ছে। ভোটার সংক্রান্ত সমস্ত তথ্য ECINET অ্যাপে পাওয়া যাবে। মোবাইল ফোন নিয়ে

ভোটকেন্দ্রে প্রবেশ করা যাবে না। নির্দিষ্ট সময় অন্তর আপডেটেড ভোটার তালিকা প্রকাশিত হবে বলে তিনি জানান।

তাঁর সম্পর্কে কয়েকটি রাজনৈতিক দল যে অসৌজন্যমূলক মন্তব্য করছে, সে সম্পর্কে মুখ্য নির্বাচন কমিশনার বলেন, ভারত একটি গণতান্ত্রিক দেশ, এখানে যে কেউ স্বাধীনভাবে তার বক্তব্য রাখতে পারেন এব্যাপারে তার কিছু বলার নেই।

জ্ঞানেশ কুমার বলেন, নির্বাচন কমিশন জিরো টলারেন্স নীতি নিয়ে চলছে এবং অপরাধীদের বিরুদ্ধে কঠোর থেকে কঠোরতম শাস্তি দেওয়া হবে। নির্বাচন সংক্রান্ত বকেয়া মামলাগুলি সম্পর্কে আদালত ব্যবস্থা নেবে বলে তিনি মন্তব্য করেন।

oooooooooooooooooo

রাজ্যে এস আই আর প্রক্রিয়ায় বিচারাধীন তালিকায় থাকা কোনও নাম বিচারকরা খারিজ করে দিলে, তা পুনর্বিবেচনার জন্য আবেদন জানাতে বিশেষ অ্যাপিলেট ট্রাইব্যুনাল গঠনের জন্য কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি এবং অন্য বিচারপতিদের নিয়ে এই ট্রাইব্যুনাল গঠন করতে হবে বলে প্রধান বিচারপতির বেঞ্চ জানিয়েছে। এব্যাপারে বিজ্ঞপ্তি জারি করবে নির্বাচন কমিশন। একই সঙ্গে এসংক্রান্ত সমস্ত খরচ নির্বাচন কমিশনকেই বহন করতে হবে বলে জানিয়েছে শীর্ষ আদালত। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি আর মহাদেবনের বেঞ্চে গতকাল এস আই আর নিয়ে নির্বাচন কমিশনের বিরুদ্ধে দায়ের হওয়া মামলার সঙ্গেই রাজ্যের তরফে এর আগে পেশ করা আরো একটি আবেদনের শুনানিতে রাজ্য সরকার এবং নির্বাচন কমিশনকে, বিচারবিভাগীয় আধিকারিকদের সবরকম সহযোগিতা করার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

তিন বিচারপতির বেঞ্চ স্পষ্ট জানিয়েছে, এস আই আর-এর কাজে নিযুক্ত বিচারবিভাগীয় আধিকারিকদের দক্ষতা ও নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তোলার কোনো

অবকাশ নেই। বিচারবিভাগীয় আধিকারিকরা এখনও পর্যন্ত বিচারাধীন তালিকায় থাকা ১০ লক্ষ ১৬ হাজার মামলার নিষ্পত্তি করেছেন।

এছাড়াও এস আই আর-এর সুষ্ঠু অগ্রগতি সুনিশ্চিত করতে একাধিক নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। বেঞ্চ জানিয়েছে, ১০ লক্ষের বেশি নামের নিষ্পত্তি হয়ে গেলে একটি ক'রে অতিরিক্ত তালিকা প্রকাশ করতে হবে। লজিক্যাল ডিসক্রিপেন্সিতে নিষ্পত্তি হওয়া ভোটারদের অতিরিক্ত তালিকা প্রকাশের বিষয়ে কমিশন এবং রাজ্য দু'পক্ষই কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির কাছে আবেদন জানাতে পারবেন।

০০০০০০০০০০০০০০০০০০০

এস আই আর প্রক্রিয়া নিয়ে শীর্ষ আদালদের রায়কে স্বাগত জানিয়েছে বিজেপি। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য গতকাল বর্ধমানের বুদবুদে পরিবর্তন যাত্রার ফাঁকে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এই রায়কে স্বাগত জানানোর পাশাপাশি বলেন, যাঁদের ভোটদান অনিশ্চিত হয়ে পড়েছে, তাঁদের হাইকোর্টে যেতে হবে। এস আই আর নিয়ে যে জটিলতা দেখা দিয়েছে তার জন্য তৃণমূল কংগ্রেস-ই দায়ী বলে অভিযোগ করেন তিনি।

একই কথা উল্লেখ ক'রে বিজেপি নেতা তাপস রায় গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, ERO এবং AERO-রা শাসক দলের নির্দেশেই কাজ করেছে।

(বাইট – তাপস রায়)

নির্বাচন কমিশন, সুপ্রিম কোর্ট, হাইকোর্ট এবং দেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সম্পর্কে শাসক দলের নেতাদের সাম্প্রতিক মন্তব্য নিয়েও এদিন ক্ষোভ প্রকাশ করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় মন্ত্রিসভার অর্থনৈতিক বিষয়ক ক্যাবিনেট কমিটি – সি সি ই এ রাজ্যে দুটি রেল প্রকল্প অনুমোদন করেছে। এর জন্য মোট ব্যয় ধার্য হয়েছে ৪ হাজার ৪৭৪ কোটি টাকা। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে সাঁইথিয়া - পাকুর চতুর্থ লাইন এবং সাতরাগাছি - খড়গপুর চতুর্থ লাইন। প্রকল্পটি কার্যকর হলে যোগাযোগ ব্যবস্থা আরও সুগম হবে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ জানিয়েছেন।

(বাইট-অশ্বিনী)

কেন্দ্রীয় মন্ত্রীসভা জল জীবন মিশন প্রকল্পের মেয়াদ ২০২৮ সালের ডিসেম্বর মাস পর্যন্ত বাড়ানোর প্রস্তাবেও ছাড়পত্র দিয়েছে। নতুন দিল্লিতে এক সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেন, এই প্রকল্পে ৮ লক্ষ ৬৯ হাজার কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে। এর মধ্যে কেন্দ্রীয় সহায়তার পরিমাণ ৩ লক্ষ ৫৯ হাজার কোটি টাকা।

ooooooooooooooooo

প্রধানমন্ত্রী ধন-ধান্য যোজনা দেশের ১০০টি জেলায় কার্যকর হলেও পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্পের বাস্তবায়ন করেনি বলে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান অভিযোগ করেছেন। লোকসভায় গতকাল তিনি বলেন, এই প্রকল্পের জন্য কৃষকদের সহায়তা প্রদান এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পুরুলিয়া, দার্জিলিং, আলিপুরদুয়ার এবং ঝাড়গ্রাম - এই চারটি জেলাকে নির্বাচন করা হয়েছিল। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের অসহযোগিতার কারণে তার বাস্তবায়ন সম্ভব হয়নি।

(বাইট – শিবরাজ সিং চৌহান)

ooooooooooooooooooo

উত্তর দিনাজপুরের ইসলামপুর মহকুমা হাসপাতালে এক রোগীমৃত্যুর ঘটনা ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। চিকিৎসায় গাফিলতির অভিযোগে হাসপাতাল চত্বরে বিক্ষোভ

দেখান মৃতের পরিবারের সদস্যরা। পুলিশ সূত্রে খবর, ইসলামপুরের মেলামাঠ এলাকার বাসিন্দা বছর ৩২-এর দীপক গুপ্তা গতকাল সন্ধ্যায় বুকের ব্যাথা নিয়ে ইসলামপুর মহকুমা হাসপাতালে ভর্তি হন। চিকিৎসা চলাকালীন একটি ইঞ্জেকশন দেওয়ার পর হঠাৎ-ই তাঁর মৃত্যু হয় বলে মৃতের পরিবারের অভিযোগ।

এরপরই ক্ষোভে ফেটে পড়েন মৃতের পরিবারের সদস্য ও আত্মীয়রা। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে ইসলামপুর থানার পুলিশ।

oooooooooooooooooooo

হাওড়া জেলাশাসকের দপ্তর অভিযানের ডাক দিয়েছে বাম যুব সংগঠন DYFI ।

যুবদের কর্মসংস্থান, দেড় হাজারের বদলে মাসিক ছয় হাজার টাকা বেকার ভাতা, এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের মাধ্যমে যুবদের স্থায়ী কাজের ব্যাবস্থা সহ নানা দাবিতে আজ এই অভিযানের ডাক দিয়েছে সংগঠনের হাওড়া জেলা কমিটি।

oooooooooooooooooooo

আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে , কলকাতার আকাশ আজ আংশিক মেঘলা থাকবে। কোথাও কোথাও হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা যথাক্রমে ৩২ ডিগ্রি এবং ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকার সম্ভাবনা।

oooooooooooooooooooo

এ আই এফ এফ যুব লিগ ফুটবলে ইস্টবেঙ্গল গতকাল নিজেদের মাঠে ৪-১ গোলে মহামেডান স্পোর্টিংকে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে গোল করেছেন জাইদ খান, সাহিল খান, ইব্রাহিম আলি খান এবং স্যামুয়েল হাওকিপ।

OOOOOOOOOOOOOOOOOOO

OOOOOOOOOOOOOOOOOOO